গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা
www.rajshahidiv.gov.bd

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ১১:৪৫ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সবাইকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) [অতিরিক্ত দায়িত্ব উন্নয়ন ও আইসিটি], রাজশাহী গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u> সভাপতি কর্তৃক গত ১৯ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। গত ১৯ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী

<table>
<tr>
<td>২</td>
<td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u>
বিগত ১৭ অক্টোবর, ২০২৩ ও ১৯ ডিসেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:

<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>অক্টোবর/২৩</td><td>৩৮</td><td>৩৬</td><td>৯৪.৭৩%</td></tr>
<tr><td>ডিসেম্বর/২৩</td><td>৩৬</td><td>৩৪</td><td>৯৪.৪৪%</td></tr>
</table>

শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td>
<td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td><u>আইএমইডি:</u>
উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে জনবল নিয়োগ, ভূমি অধিগ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তবে ২/৩ ফসলি জমি অধিগ্রহণ না করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।
চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে প্রকল্প পরিচালকদের আইএমইডি এর উর্ধ্বতন কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া e-PMTS (Electronic Project Management Information System) নিয়মিত হালনাগাদ করার জন্য প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করা হয়।</td>
<td>১। উন্নয়ন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের ক্ষেত্রে পর্যাপ্ত জনবল নিয়োগ করতে হবে।
২। ২/৩ ফসলি জমি অধিগ্রহণ করা হতে বিরত থাকতে হবে।
৩। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যার উদ্ভব হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পত্র যোগাযোগ/সরাসরি আলোচনা/আন্তঃদপ্তর সমন্বয় করে সমাধান করতে হবে।
৪। চলমান প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য e-PMIS-এ নিয়মিত Upload করতে হবে।</td>
<td>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ
৩। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক</td>
</tr>
</table>

৪	**<u>স্বাস্থ্য বিভাগ :</u>** পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগে ডেঙ্গুতে মৃতের সংখ্যা ৬৬। বর্তমানে ডেঙ্গুর প্রকোপ কম হলেও নিপা ভাইরাসের সংক্রমণ বেড়েছে। আক্রান্তের কারণ হচ্ছে খেজুরের কাঁচা রস পান ও পাখিতে খাওয়া ফল খাওয়া। ডেঙ্গু রোগ প্রতিরোধ ও নিপা ভাইরাস হতে বিরত রাখার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত কমিনিউটি মডেল আই কেয়ার সেন্টার এর সুবিধাদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বেসরকারি সংস্থা (NGO) বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান কার্যক্রম চালাতে তৎপর রয়েছে। কিন্তু বর্ণিত টিকাগুলো মানসম্মত নয়। সভাপতি তাদেরকে উক্ত টিকা প্রদান কার্যক্রম হতে বিরত রাখার বিষয়ে সভায় সকল নির্দেশনা প্রদান করেন।	১। ডেঙ্গু রোগ প্রতিরোধ ও নিপা ভাইরাস হতে বিরত রাখার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালাতে হবে। ২। কমিউনিটি মডেল আই কেয়ার সেন্টারে সেবা প্রদানের বিষয়টি জনগণের মাঝে ব্যাপকভাবে প্রচার করতে হবে। ৩। বেসরকারি সংস্থা (NGO) কে Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েজা টিকা প্রদান করতে হলে পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ এর অনুমতি নিতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী

৫	**<u>রাজশাহী ওয়াসা:</u>** ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা এর পক্ষে প্রতিনিধি জানান যে রাজশাহী ওয়াসার আওতায় বর্তমানে মোট ৪টি প্রকল্প চলমান আছে। তন্মধ্যে "রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ" কাজের অগ্রগতি বৃদ্ধির ব্যাপারে ঠিকাদারের সঙ্গে দ্বিপাক্ষিক সভা এবং "প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC)" এর সভা করে সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যকরী পদক্ষেপ নেয়াসহ ঠিকাদারকে একাধিক তাগিদ পত্র প্রদান পূর্বক অগ্রগতি বৃদ্ধির চেষ্টা করা হচ্ছে। প্রতিনিধি আরও জানান যে, রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন ৩নং ওয়ার্ড দাশপুকুর বহরমপুর (ডিবি) আনোয়ারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠের পশ্চিম প্রাঙ্গনে ২০০১ সালে রাজশাহী ওয়াসা কর্তৃক নির্মিত ১টি উৎপাদক নলকূপ আছে যা দীর্ঘদিনের পুরাতন হওয়ায় পানি উৎপাদন ক্ষমতা উল্লেখযোগ্যভাবে কমে গেছে। ফলে ৩নং ওয়ার্ডের বাসিন্দাগণ পানির সমস্যার সম্মুখীন হচ্ছে। উদ্ভূত সমস্যা সমাধানকল্পে স্কুল মাঠের বিদ্যমান পাম্প হাউজের পশ্চিম পার্শ্বে ৫/৬' দূরে ফাঁকা জায়গায় ১টি নতুন উৎপাদক নলকূপ স্থাপন করলে পানি সমস্যা সমাধান হবে এবং রাজশাহী ওয়াসার অধীন রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থার পুনর্বাসন প্রকল্পের আওতায় ১টি উৎপাদক নলকূপ বসানোর জন্য স্কুল কর্তৃপক্ষের সম্মতি প্রয়োজন। উল্লেখ্য যে, বর্ণিত প্রকল্পটি আগামী জুন/২০২৪ মাসে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। এছাড়া রাজশাহী ওয়াসার আওতাধীন গোদাগাড়ী উপজেলায় নির্মাণাধীন "Surface Water Treatment Plant" এর কাজ Work Plan অনুযায়ী সুষ্ঠুভাবে চলমান আছে। প্রতিনিধি আরও জানান যে, রাজশাহী ওয়াসার আওতায় ২টি সমীক্ষা প্রকল্প: i) GOB "Feasibility Study for Improvement of Water Supply Network with District Metered Area System" এবং ii) Unicef Develope Sanitation and Sewerage Master Plan for Rajshahi City Corporation's Zone শিরোনামে Prefeasibility প্রকল্প চলমান আছে।	১। রাজশাহী ওয়াসা ভবন নির্মাণ কাজের গতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন ৩নং ওয়ার্ডে অবস্থিত দাশপুকুর বহরমপুর (ডিবি) আনোয়ারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে বিদ্যমান পাম্প হাউসের পশ্চিম পার্শ্বে ফাঁকা জায়গায় রাজশাহী ওয়াসা কর্তৃক ১টি নতুন উৎপাদক নলকূপ স্থাপনের জন্য ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, জেলা প্রশাসক, রাজশাহী এবং বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী যৌথভাবে আলোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা রাজশাহী

৬	**পরিবার পরিকল্পনা:** পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী জানান যে, পরিবার কল্যাণ পরিদর্শিকা শূন্য পদে নিয়োগ বিষয়ে কোর্টে মামলা চলমান আছে। রায়ের পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। মাতৃ মৃত্যুর হার কমানোর জন্য গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করা জরুরি। তাছাড়া প্রসূতিকে অনিরাপদ স্থানে না রেখে স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারির বিষয়ে সভায় আলোচনা করা হয়। পরিবার পরিকল্পনা বিভাগের সেবাসমূহ প্রদানে বাড়ী বাড়ী পরিদর্শনের মাধ্যমে স্বল্প মেয়াদী পদ্ধতির কাজসহ প্রসব সেবার রেফারকারী হিসেবে দায়িত্ব পালন করেন পরিবার কল্যাণ সহকারীগণ।	১। গর্ভধারণের পর পরই প্রসূতিকে চিকিৎসকের পরামর্শ গ্রহণ এবং স্থানীয় চিকিৎসা কেন্দ্রে নিয়ে ডেলিভারি করানোর বিষয়ে পরামর্শ প্রদান করতে হবে।	পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ
৭	**খাদ্য বিভাগ:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, রাজশাহী বিভাগে আমন/২০২৩-২৪ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম গত ২৩/১১/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। আমন সংগ্রহ/২০২৩-২৪ এ রাজশাহী বিভাগের সিদ্ধ চাল সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা ১,১৪,৫৯৬.৭১০ মে. টন। সংগ্রহ পরিমাণ (০১/০২/২০২৪ পর্যন্ত)= ৯২,৯৬৩.৩৭০ মে. টন। আমন ধান সংগ্রহ/২০২৩-২৪ এ রাজশাহী বিভাগের সংগ্রহের মূল লক্ষ্যমাত্রা ৩১৫৫৬ মে. টন। সংগ্রহ পরিমাণ (০১/০২/২০২৪ পর্যন্ত)- ২৩৯০.৫২০ মে. টন। সরকারি মূল্যের চেয়ে বাজারে দাম বেশি হওয়ায় কৃষকরা সরকারি গুদামে ধান না দিয়ে বাজারে বিক্রি করছে। ধান সংগ্রহের ক্ষেত্রে সরকারি শর্তসমূহ সহজ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মিলাররা ঠিকমত মাল তুলছে কিনা সে বিষয়ে মনিটর করার জন্য সভায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করা হয়। টিসিবির পণ্য প্রতি মাসে উত্তোলন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২। ধান সংগ্রহ আরো জোরদার করতে হবে। ৩। টিসিবির পণ্য প্রতি মাসে উত্তোলন করা নিশ্চিত করতে হবে এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (এলএসডি) এর মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮	**কৃষি বিভাগ:** উপপরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, পেঁয়াজ উৎপাদন গত বৎসরের তুলনায় এ বৎসর বেশি। কিন্তু বাজারে চাহিদা বেশি হওয়ায় দাম বৃদ্ধি পেয়েছে। কিন্তু আলু, মূলা, বেগুন, ফুলকপি, বাঁধাকপি প্রভৃতি সবজির দাম এখন অনেক কম। ভোজ্যতেল এবং সরিষার দামও কমে গেছে। সিন্ডিকেট করে দাম কমানো হচ্ছে কিনা তা মনিটর করতে সভায় গুরুত্বারোপ করা হয়। তিনি আরো জানান যে, ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে সরিষা, তিল, চিনা বাদাম, সূর্যমুখী ও অন্যান্য ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় প্রযুক্তি প্রয়োগে অঞ্চলের জেলাসমূহে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং কৃষকদের উদ্বুদ্ধকরণ কায©ক্রম চলমান রয়েছে। আন্ডারগ্রাউন্ড ওয়াটার কম ব্যবহার করে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে সরিষা, তিল ও অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধি করতে হবে। ২। আন্ডারগ্রাউন্ড ওয়াটার কম ব্যবহার করে স্বল্প পানির মাধ্যমে উৎপাদনযোগ্য ফসল চাষে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল/ বগুড়া অঞ্চল

৯	**বনবিভাগ:** বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ব্যক্তিগত পর্যায়ে ৩টি এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ৩টি মোট ৬টি ক্যাটাগরিতে জাতীয় পরিবেশ পদক প্রদান করা হচ্ছে। পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অনেক ছাদ বাগান, শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপন, নার্সারি প্রভৃতি কার্যক্রম গ্রহণ করছে। বেশি বেশি ফলের গাছ লাগানোর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া আরো জানান যে, বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বগুড়া, রাজশাহী ও পাবনা কর্তৃক রাস্তা অবরোধ ও নাশকতার কাজে সামাজিক বন বিভাগের গাছপালা যাতে ব্যবহার করতে না পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	১। পরিবেশ উন্নয়নে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে বেশি বেশি ফলের গাছ লাগাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
১০	**ইসলামিক ফাউন্ডেশন:** পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী জানান যে, আসন্ন পবিত্র মাহে রমজান থেকে নতুন যাকাত বর্ষ শুরু হবে। যাকাত বর্ষ ১৪৪৫-৪৬ হিজরীতে (২০২৪-২৫ সনে) জেলার প্রতি উপজেলা/জোনে গড়ে ৪ লাখ টাকা যাকাত সংগ্রহ/আদায়ের লক্ষ্যমাত্রা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারণ করা হয়েছে। ইসলামে ধনীদের ওপর যাকাত ফরজ করা হয়েছে। এটি ধনীদের কোনো দয়া বা অনুগ্রহ নয়। বরং ধনীদের থেকে গরিবদের প্রাপ্য অধিকার। যাকাতের উদ্দেশ্য হলো, সহায়তার মনোভাব পোষণ ও অর্থনৈতিক সমৃদ্ধি আনায়ন। সমাজের বিত্তবানদের সরকারি তহবিলে যাকাতের অর্থ জমা প্রদানের বিষয়ে উৎসাহিত করার সভায় গুরুত্বারোপ করা হয়।	১। সমাজের বিত্তবানদের সরকারি তহবিলে যাকাতের অর্থ জমা প্রদানের বিষয়ে উৎসাহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
১১	**গণপূর্ত বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে মোট বরাদ্দকৃত মডেল মসজিদের সংখ্যা ৭৬টি। তন্মধ্যে ৫০টি মডেল মসজিদ উদ্বোধন করা হয়েছে। রাজশাহী বিভাগে নির্মাণাধীন অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুতগতিতে সম্পন্ন হচ্ছে। তিনি আরো জানান যে, এ বিভাগের পাবনা জেলায় ৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণের টেন্ডার করে ঢাকায় পাঠানো হয়েছে। কিন্তু পাবনা নার্সিং ইন্সটিটিউটে যাতায়াতের রাস্তার অবস্থা খুবই খারাপ। মহামান্য রাষ্ট্রপতির এলাকা হওয়ায় রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। অবশিষ্ট মডেল মসজিদসমূহের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। ২। পাবনা নার্সিং ইন্সটিটিউটে যাতায়াতের রাস্তাটি দ্রুত মেরামত/সংস্কার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৫। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী

১২	**<u>সড়ক বিভাগ:</u>** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন জানান যে, কামারুজ্জমান চত্তর হতে নওহাটা রাস্তা সম্প্রসারণে রেলওয়ের সীমানা প্রাচীর অপসারণের ক্ষেত্রে ভূমির মালিকানা বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনে বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) রাজশাহী'র সাথে নিয়মিত যোগাযোগ স্থাপন করা হচ্ছে। জায়গাটি পেলে প্রকল্পের কাজ দ্রুত গতিতে চালানো সম্ভব হবে। সহকারী মহাব্যবস্থাপক(পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী জানান যে, গত ২২/০১/২০২৪ খ্রি: তারিখ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত জুম মিটিং-এ সড়ক প্রশস্থকরণ ও ড্রেন নির্মাণের জন্য বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল), রাজশাহীর রেল ভবনের সীমানা প্রাচীর অপসারণ (১২.৫ শতাংশ জায়গা হস্তান্তর) এর বিষয়ে আলোচনা হয়। বর্ণিত জায়গায় পঞ্চাশোর্দ্ধ সেগুনসহ বিভিন্ন জাতের কয়েকটি বৃক্ষ রয়েছে। বৃক্ষগুলো কাটা হলে প্রাকৃতিক সৌন্দর্য ও পরিবেশ বিনষ্ট হওয়ার আশংকা থাকায় পরিবেশবাদী সংগঠনগুলো আপত্তি জানাতে পারে। রেলওয়ের জায়গায় রাস্তা নির্মাণের পরিবর্তে বর্ণিত স্থানে রাস্তার ডিভাইডার সরু করে রাস্তাটি পুন:নির্মাণের মাধ্যমে বর্ণিত জটিলতা নিরসণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	১। রাজশাহী কামারুজ্জামান চত্বর হতে নওহাটা ব্রিজ পর্যন্ত রাস্তা সম্প্রসারণের কাজে রেলওয়ের জমি নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।
১৩	**<u>এলজিইডি:</u>** অতিরিক্ত প্রধান প্রকৌশলী এর পক্ষে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগে (সিরাজগঞ্জ জেলা ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থাপনাসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মাণ প্রকল্প, পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প, বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প, উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প, গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প, অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩, ঘূর্ণিঝড় আম্ফান ও বন্যায় ক্ষতিগ্রস্ত পল্লী অবকাঠামো পুনর্বাসন প্রকল্প, রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২, রুরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট, প্রোগ্রাম ফর সাপোর্টিং রুরাল ব্রিজেস, প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি প্রকল্পের কাজ চলমান রয়েছে। আসন্ন পৌরসভা ও উপজেলা নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্রে যাতায়াতের সুবিধার্থে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করার বিষয়ে আলোচনা হয়।	১। আসন্ন পৌরসভা ও উপজেলা নির্বাচন উপলক্ষ্যে ক্ষতিগ্রস্ত ও ভাঙ্গা রাস্তাসমূহ দ্রুত মেরামত/সংস্কার করতে হবে। ২। চলমান উন্নয়ন প্রকল্পগুলো নিয়মিত মনিটর করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ
১৪	**<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u>** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে রাজশাহী বিভাগে বরাদ্দকৃত ৫,২৯৩টি নলকূপের মধ্যে ৪,৯৩৩টি নলকূপ হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ চলমান আছে।	১। অবশিষ্ট পানির উৎস স্থাপন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল

১৫	**বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:** পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে রাজশাহী বিভাগের ৮টি জেলার আওতাধীন উপজেলাসমূহে লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি) রোগ সম্পর্কে জনসচেতনতামূলক ২,০০০টি লিফলেট বিতরণ করা হয়েছে এবং কার্যক্রম অব্যাহত রয়েছে। জুলাই-ডিসেম্বর ২০২৩ মাস পর্যন্ত ২,১১০টি উঠান বৈঠক আয়োজনের মাধ্যমে ১,৬৭,৮৯১ জন খামারীকে গবাদিপশু পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্যবিধি ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং গবাদিপশু উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে। লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সতর্ক করতে উঠান বৈঠক, লিফলেট বিতরণ এর উপর সভায় গুরুত্বারোপ করা হয়।	১। পশুর লাম্পি স্কিন রোগ সম্পর্কে খামারিদের সচেতন করতে উঠান বৈঠকসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
১৬	**মৎস্য বিভাগ:** উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে জানুয়ারি, ২০২৪ মাস পর্যন্ত ৩৬৮৩টি মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হয় যার মধ্যে ৪১৯টি মোবাইল কোর্ট, ৩২৬৪টি অভিযানসহ মোট ২৮১টি মামলা, ১১৯ জনের জেল এবং ১৪.৬৭৭ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষের সাথে জড়িত ৫৮১০ জন চাষীকে প্রশিক্ষণ ও ৯৪৮৫ জন চাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান হিসেবে ৩২৫ জনকে বকনা বাছুর বিতরণ করা হয়েছে। মৎস্য চাষীদের উৎসাহিত করতে “উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ” এবং “দেশিয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা” বিষয়ক বই বিনামূল্যে বিতরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে।	১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ

১৭	**পরিসংখ্যান বিভাগ:** যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী এর আওতায় আট (০৮) টি জেলা পরিসংখ্যান কার্যালয় হতে ৩১ জন কর্মকর্তা/কর্মচারীগণকে গত ২১-২৩ নভেম্বর ২০২৩ মোট ০৩ (তিন) দিন ব্যাপি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও জিআরএস সফটওয়্যার, তথ্য অধিকার আইন-২০০৯, সেবা প্রদান প্রতিশ্রুতি, ডি-নথি, শুদ্ধাচার কৌশল, চারিত্রিক ও নৈতিকতা, ইনোভেশন, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ বিষয়সহ "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মপরিকল্পনা প্রস্তুত বিষয়ক" শীর্ষক প্রশিক্ষণ প্রদান করা হয়। ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকার (Primary Sampling Unit বা PSU) প্রতিটি হতে ২৪ টি করে Household এর তথ্যসংগ্রহ করা হচ্ছে। স্যাম্পল ভাইটল রেজিস্ট্রেশন সিস্টেম "এসভিআরএস" কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে। মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের তথ্যাদি নিয়মিত প্রেরণ করা হচ্ছে।	১। পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি গড়ে তুলতে প্রয়োজনীয় প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী
১৮	**ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:** উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ০১ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত রাজশাহী বিভাগীয় কার্যালয় ও এর অধীন জেলা কার্যালয়সমূহ কর্তৃক পরিচালিত মোট ১১৯টি বাজার অভিযানের মাধ্যমে ২৮০টি বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার বিরোধী বিভিন্ন অপরাধে প্রশাসনিক ব্যবস্থায় ১১,৫২,০০০/- (এগারো লক্ষ বাহান্ন হাজার) টাকা জরিমানা করা হয়েছে। আদায়কৃত জরিমানা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে আগামী ১৫ মার্চ ২০২৪ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদ্‌যাপন করা হবে। উক্ত দিবস উদ্‌যাপনে সকলের সহযোগিতা কামনা করা হয়। আসন্ন রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। আসন্ন রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কৃত্রিম সংকট সৃষ্টি করে কেউ যেন মূল্য বৃদ্ধি করতে না পারে সে বিষয়ে মনিটরিং আরো জোরদার করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী

১৯	**<u>সমাজসেবা অফিস:</u>** পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও থ্যালাসেমিয়া প্রভৃতি রোগে আক্রান্তদের আবেদন যাচাই-বাছাই করে কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ পাওয়া গেছে। তালিকা চূড়ান্ত হওয়ার পরে আনুষ্ঠানিকতার মাধ্যমে প্রদান করা হবে। রাজশাহী বিভাগের সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ২০২৩-২৪ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তির পে-রোল প্রেরণ করা হয়েছে। এ বিভাগের সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে সকল ভাতা প্রদান করা হয়। সর্বজনীন পেনশন স্কিম বিষয়ে গুজব ছড়ানো প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। সর্বজনীন পেনশন স্কিম বিষয়ে গুজব ছড়ানো প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা বৃদ্ধি করতে হবে। ২। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী
২০	**<u>এইচএসটিটিআই:</u>** পরিচালক, এইচএসটিটিআই, রাজশাহী জানান যে, মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন বিষয়ের শিক্ষকগণের জন্য CPD (Continuous Professional Development) মাধ্যমিক স্তরের প্রতিষ্ঠান প্রধানগণের এবং মাদ্রাসা সুপারগণের প্রফেশনাল লিডারশীপ ডেভেলপমেন্ট কোর্স, স্কুলের সহকারী প্রধান, সহকারী সুপারগণের জন্য ইন-সার্ভিস কোর্স সহ লিডারশীপ ও ইন-সার্ভিস কোর্সের ফলো-আপ প্রশিক্ষণসমূহ নিয়মিতভাবে সম্পন্ন হয়ে থাকে। তবে প্রশিক্ষণার্থীদের জন্য চেয়ার, টেবিলের অপর্যাপ্ততা রয়েছে। প্রয়োজনীয় সংখ্যক চেয়ার, টেবিলের ব্যবস্থা করা গেলে প্রশিক্ষণগুলো আরো প্রাণবন্ত ও ফলপ্রসু হতো। প্রশিক্ষণগুলো সফলভাবে আয়োজন করতে প্রয়োজনীয় চেয়ার, টেবিল ক্রয়ে অর্থ প্রাপ্তিতে সহযোগিতা করার বিষয়ে সভাপতি সভায় অভিমত ব্যক্ত করেন। সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের দক্ষতা বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।	১। পরিচালক, এইচএসটিটিআই, রাজশাহী

২১	<u>বিএমডিএ:</u> তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরে রাজশাহী বিভাগে ২.২৯ লক্ষ হেক্টর জমিতে ৯১৮১ টি গভীর নলকূপ, ৩১৫টি এলএলপি এবং ৩৪৫টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে আউস ও আমন সেচ প্রদান করা হয়েছে। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে বোরো মৌসুমে ৩.৭৬ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত ৯৭১৫ গভীর নলকূপ, ৪১৯টি এলএলপি এবং ৩৫২টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে প্রায় ৩.০০ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। চলতি বোরো মৌসুমে জমিতে নিরবচ্ছিন্ন সেচ প্রদানের লক্ষ্যে সকল সেচযন্ত্রগুলো সার্বক্ষণিক সচল রাখাসহ প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল মজুদ রাখা হয়েছে। সেচ মৌসুমে সেচযন্ত্রসমূহ চালু রাখার জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ প্রয়োজন। একটি সেচযন্ত্র চালু করতে প্রায় ১৮ কিলোওয়াট বিদ্যুতের প্রয়োজন পড়ে। সে হিসেবে বোরো মৌসুমে সকল সেচযন্ত্র চালু রাখতে প্রায় ১৮৫ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হওয়া প্রয়োজন। এতদবিষয়ে নেসকো ও পল্লী বিদ্যুৎকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। তিনি আরো জানান যে, রাত ১১:০০ টা হতে ভোর পর্যন্ত সেচযন্ত্রগুলো চালু রেখে ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট অপারেটরদিগকে অবহিত করা হয়েছে।	১। ধানের জমিতে প্রয়োজনীয় পানি সরবরাহ করার জন্য অগ্রাধিকার ভিত্তিতে সেচযন্ত্রগুলোতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি, রাজশাহী ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
২২	<u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস:</u> উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী জানান যে, প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণার অংশ হিসেবে ডিসেম্বর ২০২৩ মাসে সরকারি অফিসে ৩৩টি, বেসরকারি অফিসে ১২৯টি, বস্তিতে ১৩টি, শপিংমল/হাট বাজার/বিপণীবিতানে ৮৪টি, শিক্ষা প্রতিষ্ঠানে ২৫টি এবং বহুতল বা বাণিজ্যিক ভবনে ০৯টি মহড়া করা হয়েছে। এছাড়াও টপোগ্রাফি ও গণসংযোগ করা হয়েছে ২১৭টি, সরকারি ২টি ও বেসরকারি ২৮টি প্রতিষ্ঠান সার্ভে করা হয়েছে। ৮টি বহুতল ভবন পরিদর্শন করা হয়েছে। ৪১টি বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। বিভিন্ন প্রতিষ্ঠানে ৪০টি প্রশিক্ষণের মাধ্যমে ১৩০৯ জনকে অগ্নি নির্বাপণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাবনা জেলার রূপপুরে ফায়ার স্টেশনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে হস্তান্তর করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। প্রতিটি অফিসে অগ্নি নির্বাপণ যন্ত্র রাখা এবং অগ্নিকান্ড যেন না ঘটে সে বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ২। পাবনা জেলার রূপপুরে ফায়ার স্টেশনের নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে হস্তান্তর করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী

২৩	**যুব উন্নয়ন অফিস:** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৩৭১৩০ জন। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি অর্জিত হয়েছে ২২৩৮৮ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫৬০৪ জন। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ৩৩০৬ জনকে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হবে।	১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
২৪	**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড:** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তি, স্টাফদের জন্য বাস সার্ভিস, মহিলাদের জন্য কারিগরি প্রশিক্ষণ, সেলাই, ব্লক বাটিক, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া প্রভৃতি সেবা প্রদান করা হয়ে থাকে। প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা অব্যাহত রয়েছে। বিভিন্ন সভা, সেমিনার, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা, জেলা মাসিক সমন্বয় সভায় সেবাসমূহ সম্পর্কে সকলকে অবগত করা হয়। এছাড়াও কল্যাণ বোর্ডের প্রদত্ত নানাবিধ সেবার তালিকা এবং সেবা প্রদানের নিয়মাবলী সকলের অবহিতকরণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র যোগাযোগ করা হয়েছে।	১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ সম্পর্কে সংশ্লিষ্টদের অবগত করতে প্রচার-প্রচারণা চালাতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী

২৫	**আঞ্চলিক নির্বাচন অফিস:** আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল জানান যে, জাতীয় ভোটার দিবসকে খ শ্রেণিভুক্ত করা হয়েছে। ভোটাধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার জন্য প্রতি বছরের ন্যায় আগামী ২ মার্চ ২০২৪ জাতীয় ভোটার দিবস পালন করা হবে। উক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হবে। ভোটার দিবস উদ্‌যাপনে সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়। সভাপতি পৌরসভা ও উপজেলা পরিষদ নির্বাচনের প্রস্তুতি বিষয়ে জানানোর জন্য আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন আগামী ৯ মার্চ ২০২৪ পাবনা জেলার ফরিদপুর পৌরসভার ১টি সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য আসনে উপনির্বাচনের বিষয়ে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। এছাড়াও উপজেলা পরিষদ নির্বাচন বিষয়েও প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। নির্বাচন বিধিমালা অনুসারে পৌরসভা ও উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। জাতীয় ভোটার দিবস উদ্‌যাপনে সহযোগিতা করতে হবে। ২। নির্বাচন বিধিমালা অনুসারে পৌরসভা ও উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
২৬	**জাতীয় সঞ্চয় অধিদপ্তর :** উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী জানান যে, সঞ্চয়পত্রে বিনিয়োগের পরিমাণ রাজশাহী অঞ্চলে লক্ষ্যমাত্রার চেয়ে অনেক কম। তাই সঞ্চয়পত্রে বিনিয়োগ বৃদ্ধির জন্য সভার সকল সদস্যকে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান।	১। সঞ্চয়পত্রে বিনিয়োগের সরকারি লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে ব্যক্তিগত বিনিয়োগসহ অন্যান্যদের বিনিয়োগে উৎসাহিত করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

২৭	**বিবিধ:** জেলা প্রশাসক, বগুড়া বলেন, তাঁর জেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় মোবাইল ফোন ও ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করার অভিযোগে ২২ পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। এর মধ্যে ১৫ জন নারী পরীক্ষার্থী রয়েছেন। তাঁদের বগুড়া সদর ও শাজাহানপুর থানায় সোপর্দ করা হয়েছে। পরীক্ষা চলাকালে আটক পরীক্ষার্থীরা গোপনে মোবাইল ফোন কেন্দ্রে নিয়ে যায়। তাঁরা প্রশ্নপত্রের ছবি তুলে বাইরে পাঠানোর পর বাইরে থেকে উত্তর তৈরি করে ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে উত্তর পাঠিয়ে দেওয়া হয়। পরীক্ষার্থীদের কানে ব্যবহার করা ইলেকট্রনিক ডিভাইসের সাহায্যে উত্তরপত্র পূরণ করার সময় নির্বাহী ম্যাজিস্ট্রেট বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে ২২ জনকে আটক করেন। ইলেকট্রনিক ডিভাইসগুলো **বাইরে থেকে কন্ট্রোল করা হয়, যার বেশির ভাগই রাজশাহী জেলার।** মোবাইল ফোন ও ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ বলেন, তাঁর জেলার ভোলাহাট উপজেলায় জিয়াউল হক নামে এক দই বিক্রেতা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক একুশে পদক পেয়েছেন। তাঁর একুশে পদক পাওয়ার খবরে এলাকায় জনগণের মাঝে আনন্দ মুখর পরিবেশ বিরাজ করছে। ভালো কাজের স্বীকৃতি স্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক একুশে পদক পাওয়ায় জিয়াউল হকের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	১। মোবাইল ফোন ও ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অসদুপায় অবলম্বনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
২৮	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):** এ বিভাগের সকল দপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮-০৩-২০২৪
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
বিভাগীয় কমিশনার
০২৫৮৮৮৫৭২৩৩ (ফোন)
০২৫৮৮৮৫৭৫২৯ (ফ্যাক্স)
divcomrajshahi@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০৫.২৩.৬৪

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
৩। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
৪। উপমহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ, রাজশাহী;
৫। মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী;
৬। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা;
৭। মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক এর দপ্তর , মহাব্যবস্থাপক (পশ্চিম) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, সিআরডি, রাজশাহী;
৮। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী;
৯। পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী;
১০। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ;
১১। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
১৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
১৪। অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), অতিরিক্ত পরিচালকের কার্যালয় , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
১৫। অতিরিক্ত পরিচালক , অতিরিক্ত পরিচালকের কার্যালয়, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া;
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন;
১৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন;
১৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী;
১৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর;
২০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ;
২১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ;
২২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা;
২৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ;
২৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
২৫। জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট;
২৬। অধিনায়ক, র‍্যাব-৫, রাজশাহী;
২৭। উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ;
২৮। প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী;
২৯। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া;
৩০। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী;

৩১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৩৩। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী;
৩৪। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, শেরপুর, বগুড়া;
৩৫। আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রাজশাহী ও রংপুর বিভাগীয় কার্যালয়, বগুড়া;
৩৬। আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী;
৩৭। অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী;
৩৮। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া;
৩৯। অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা;
৪০। অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ;
৪১। অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ;
৪২। মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী;
৪৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী;
৪৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী;
৪৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৪৬। পরিচালক, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), রাজশাহী;
৪৭। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী;
৪৮। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী;
৪৯। পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী;
৫০। পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী;
৫১। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী;
৫২। পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী;
৫৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী;
৫৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ;
৫৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী;
৫৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর;
৫৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ;
৫৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ;
৫৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা;
৬০। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ;
৬১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া;
৬২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট;
৬৩। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী;
৬৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬৫। উপপরিচালক (চলতি দায়িত্ব), বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, রাজশাহী;
৬৬। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৬৭। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
৬৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৬৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী;
৭০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী;
৭১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বগুড়া জোন, বগুড়া;
৭২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী;
৭৩। আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী;
৭৪। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী;
৭৫। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া;
৭৬। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;

৭৭। যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৭৮। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ;
৭৯। উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
৮০। উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী;
৮১। উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;
৮২। জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী;
৮৩। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা;
৮৪। জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া;
৮৫। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী;
৮৬। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী;
৮৭। উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী;
৮৮। উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী;
৮৯। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী;
৯০। উপপরিচালক(ভারপ্রাপ্ত), বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী;
৯১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯২। বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী;
৯৩। সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী;
৯৪। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী এবং
৯৫। নাজির (অফিস), নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।

১০-০৩-২০২৪
তরফদার মোঃ আক্তার জামীল
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (অতিরিক্ত দায়িত্ব)